

# যুগান্তর

প্রিন্ট: ২১ জুন ২০২৫, ০১:২৯ পিএম

শিক্ষাঙ্গন

## জাবির ৪ হলের নতুন নাম প্রস্তাব শিবিরের



জাবি প্রতিনিধি

প্রকাশ: ২০ জুন ২০২৫, ১১:২৭ এএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) শেখ পরিবারের নামে থাকা চারটি আবাসিক হলের নাম বাতিল করেছিল সিভিকিট। সেসব হলের নতুন নাম প্রস্তাবের জন্য বিভিন্ন অংশীজনকে আহ্বান জানানো হয়। এর জেরে চারটি হলের জন্য নতুন নামের প্রস্তাবনা দিয়েছে বাংলাদেশ ইসলামী

ছাত্রশিবির।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর দেওয়া এক স্মারকলিপিতে এ প্রস্তাবনা দিয়েছে ছাত্র সংগঠনটি।

হলগুলোর নতুন নামের জন্য জুলাই গণঅভ্যুত্থানে শহীদ হওয়া ইয়ামিন, শ্রাবণ গাজী, নাফিসা মারওয়াসহ সীমান্তে বিএসএফের গুলিতে নিহত ফেলানি এবং শেরেবাংলা এ কে ফজলুল হকের নাম প্রস্তাব দিয়েছে তারা।

স্মারকলিপিতে বলা হয়, জাতীয় ইতিহাস, আত্মত্যাগ ও ছাত্র-জনতার সংগ্রামের স্মৃতি অম্লান রাখতে হলে আবাসিক হলগুলোর নামকরণ হওয়া উচিত প্রাসঙ্গিক ব্যক্তিবর্গ বা ঘটনার নামে, যারা সত্যিকার অর্থে দেশের জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন অথবা যাদের আত্মত্যাগ প্রজন্মের কাছে অনুপ্রেরণামূলক হয়ে থাকবে।

এর আগে, গত ১৭ মার্চ শেখ রাসেল হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, শেখ হাসিনা হল ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের নাম বাতিল করে বিশ্ববিদ্যালয় সিভিকিট।